

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বস্ত্র অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়

বস্ত্র ও পাট মন্ত্রণালয়

বিভাগীয় কর্মকর্তার দপ্তর

আগ্রাবাদ, চট্টগ্রাম

dot.chittagongdiv.gov.bd



স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০১০.৯৯.৪১১.১৯.৪৩৩

তারিখ: ২৯ আষাঢ়, ১৪৩০

১৩ জুলাই ২০২৩

বিষয়: মেসার্স মারউইন ইন্টারন্যাশনাল লিমিটেড এর অনুকূলে ইম্পোর্ট পারমিট (আই,পি) জারী করণ প্রসঙ্গে।

সূত্র: সংশ্লিষ্ট শিল্প প্রতিষ্ঠানের ১২/০৭/২৩ খ্রিঃ তারিখের আবেদনপত্র।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, মেসার্স মারউইন ইন্টারন্যাশনাল লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং- ২০৯৯/বি (আর,এস,দাগ নন-৬৬০২, ৬৬০৩, ৬৬০৪), দক্ষিণ মধ্যম হালিশহর, এয়ারপোর্ট রোড, বন্দর, চট্টগ্রাম নামক একটি ১০০% রপ্তানিমুখী তৈরী পোশাক (নীট ও ওভেন) শিল্প প্রতিষ্ঠান, যা বস্ত্র অধিদপ্তর হতে নিবন্ধিত, যার নিবন্ধন নং- সিটিজি/আরএমজি/০০০০৭৯-১৯, তারিখঃ ০৬/০৪/২০২৩ খ্রিঃ, উৎপাদন ক্ষমতা ৬০,০০০.০০ মেঃটন। উক্ত কারখানার সুষমকরণ/আধুনিকীকরণ/প্রতিস্থাপন ও সম্প্রসারণের নিমিত্তে "Sewing Machine" (As per Invoice) কারখানার নামে সরবরাহ করী প্রতিষ্ঠান (Supplier Name- CIRCUIT LIMITED) সরাসরি প্রেরণ করেছেন। যা ছাড়করণের অপেক্ষায় চট্টগ্রাম কাস্টমস কর্তৃপক্ষের নিয়ন্ত্রণে রয়েছে। উক্ত প্রেরিত (As per Invoice) ছাড়করণের লক্ষ্যে আই,পি জারীর প্রয়োজনীয় সুপারিশ প্রেরণের জন্য কারখানা মালিক পক্ষ সূত্রে বর্ণিত পত্রের মাধ্যমে বস্ত্র অধিদপ্তরে আবেদন করেছেন। আবেদনপত্রের সহিত শিল্প প্রতিষ্ঠানটির অনুকূলে সরাসরি প্রেরিত ইনভয়েস নং- (CLMW20230100, Dt. 20/06/2023 খ্রিঃ, বিএল নং-SHKG3060997, Dt.28/06/2023 খ্রিঃ, যার ইনভয়েস মূল্য= 80,237.00 USD (যা বিনামূল্যে প্রেরিত) দাখিল করেছেন। প্রেরিত "Sewing Machine" তাঁদের কারখানায় ব্যবহার করবেন বলে কারখানা কর্তৃপক্ষ জানিয়েছেন।

বর্ণিত অবস্থায়, উক্ত বস্ত্র শিল্প কারখানার মালিক পক্ষের আবেদনের প্রেক্ষিতে বর্ণিত ডকুমেন্টস এর মাধ্যমে কারখানার নামে সরাসরি প্রেরিত আমদানিকৃত Sewing Machine সমূহ উপরোক্ত কারখানায় ব্যবহার/স্থাপন করবেন বলে কারখানা কর্তৃপক্ষ জানিয়েছেন। সে মতে, বর্ণিত ডকুমেন্টস মোতাবেক Sewing Machine (As per Invoice) সমূহ উক্ত রপ্তানিমুখী তৈরী পোশাক শিল্প (ওভেন ও নীট) কারখানায় ব্যবহারের নিমিত্ত আইন ও বিধি প্রতিপালন সাপেক্ষে এবং কাস্টমস কর্তৃপক্ষের শূঙ্কায়ন নীতিমালা মোতাবেক ছাড় করার জন্য সুপারিশ করা হলো। এ সুপারিশ আইন ও বিধি অনুসারে কোন দায় বা দায়িত্ব থেকে কারখানা কর্তৃপক্ষকে অব্যাহতি দেবে না।

১৮-৭-২০২৩

ইঞ্জি: ফারুক আহম্মদ

উপ-পরিচালক (কারিগরি) (অতিরিক্ত দায়িত্ব)

প্রধান নিয়ন্ত্রক, আমদানি ও রপ্তানি নিয়ন্ত্রকের দপ্তর, ঢাকা।

স্মারক নম্বর: ২৪.০২.২০০০.০১০.৯৯.৪১১.১৯.৪৩১/১(৩)

তারিখ: ২৯ আষাঢ়, ১৪৩০


১৩ জুলাই ২০২৩

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) কমিশনার অব কাস্টমস হাউজ, চট্টগ্রাম/ ঢাকা।

২) পরিচালক, পরিচালক (বস্ত্র), বস্ত্র অধিদপ্তর।

৩) ব্যবস্থাপনা পরিচালক, মেসার্স মারউইন ইন্টারন্যাশনাল লিমিটেড, অফিস ও কারখানাঃ হোল্ডিং নং- ২০৯৯/বি (আর,এস,দাগ নন-৬৬০২, ৬৬০৩, ৬৬০৪), দক্ষিণ মধ্যম হালিশহর, এয়ারপোর্ট রোড, বন্দর, চট্টগ্রাম। আমদানি নীতি আদেশের সকল বিধি বিধান মেনে আমদানিকৃত **Sewing Machine** শিল্প কারখানায় উৎপাদন কাজে ব্যবহারের জন্য আপনাকে অনুরোধ করা হলো।



১৮-৭-২০২৩

মোঃ আলী আহাব রাখা  
সহকারী পরিচালক (কারিগরি)